আজকের কাগজ

৪৬

তারিখ 14 AUG 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

# কুমিল্লায় ঝড়ে স্কুলের ছাদ ধসে ১ ছাত্রের মৃত্যু ।। আহত ৪০

কুমিল্লা কোতোয়ালি থানায় চৌয়ারা ইউনিয়নে হাজী আসমত আলি উচ্চ বিদ্যায়ের ছাদ ধসে পড়ে একজন স্কুল ছাত্র নিহত এবং ৪০ জন আহত হয়েছে। পুলিশ ও হাসপাতাল সূত্র জানায়, গতকাল বিকেল ৪টার দিকে প্রবল বৃষ্টি ও ঝড়ের সময় এ দুর্ঘটনা ঘটে। আহতরা সবাই স্কুল ছাত্র ও শিক্ষক। এদের মধ্যে ২০ জনকে স্থানীয় ক্লিনিক ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়াও এই ঝড়ো হাওয়া ও বৃষ্টিপাতে বামিশা এবং শ্রীমান্তপুর গ্রামের বেশকিছু কাঁচা ঘর-বাড়ি ও গাছপালা নষ্ট হয়েছে। খবর বাসস।